সমকাল

তারিখ ... 14 APR. 2015 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৪......

# জাবিতে বীরাঙ্গনাদের সংবর্ধনা

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) মুক্তিযুদ্ধে ভূমিকা রাখা সিরাজগঞ্জ জেলার ১৮ বীরাঙ্গনাকে সম্মাননা দেওয়া হয়েছে। সোমবার ইতিহাস বিভাগের উদ্যোগে বিভাগের সেমিনার কক্ষে আয়োজিত 'বীরাঙ্গনা-অনুসন্ধান ও পুনর্বাসন প্রয়াস' শীর্ষক সংবর্ধনা অনুষ্ঠানে এ সম্মাননা দেওয়া হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম প্রধান অতিথি হিসেবে বীরাঙ্গনাদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইতিহাস বিভাগের সভাপতি অধ্যাপক ড. এ টি এম আতিকুর রহমান। অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক সহায়তা উদ্যোগের পরিচালক অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন জাবির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল খায়ের। স্বাগত বক্তব্য রাখেন অধ্যাপক ড. আরিফা সুলতানা।